দৈনিক
আমাদের সময়

তারিখ 12 DEC 2017
পৃষ্ঠা ১২ কলাম

# প্রশ্নফাঁস ঠেকাতে নতুন প্রযুক্তি

এম এইচ রবিন ●
পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র পরিবহনের জন্য ব্যবহার করা হবে বিশেষ ধরনের ইলেক্ট্রনিক বক্স। প্রশ্নফাঁস ঠেকাতে নতুন এ প্রযুক্তি ব্যবহারের চিন্তা করছে শিক্ষা বোর্ড।

জানা গেছে, প্রাথমিক সমাপনী ও জেএসসি থেকে শুরু করে এসএসসি, এইচএসসি- এমনকি বিশ্ববিদ্যালয় ভর্তি. চাকরির নিয়োগ পরীক্ষা, সর্বত্র বিস্তৃত হয়েছে এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

## প্রশ্নফাঁস ঠেকাতে

(প্রথম পৃষ্ঠার পর) প্রশ্নফাঁসের ব্যাধি। এ থেকে পরিত্রাণের জন্য শিক্ষাবিদ এবং সমাজের বিশিষ্টজনরা নানা পরামর্শ দিয়েছেন শিক্ষা প্রশাসনকে। আলোচনায় এসেছে স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানে বা উপজেলা পর্যায়ে পরীক্ষার দিন সকালে প্রশ্নপত্র ছাপিয়ে পরীক্ষা নেওয়ার। এ ক্ষেত্রে প্রয়োজন পরীক্ষা কেন্দ্রে বিদ্যুৎ ও ইন্টারনেট সুবিধা নিশ্চিত করা।

এ প্রসঙ্গে একটি শিক্ষা বোর্ডের এক জ্যেষ্ঠ কর্মকর্তা জানান, স্থানীয় পর্যায়ে পরীক্ষার দিন প্রশ্নপত্র ছাপিয়ে পরীক্ষা গ্রহণ অনেক বড় চ্যালেঞ্জ। বাস্তবে এটি অনেক দুরূহ ব্যাপার। কেননা দেশের হাওর, চরাঞ্চলেও অনেক শিক্ষা প্রতিষ্ঠান আছে। যেগুলোয় বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগ নেই। এ ছাড়া দক্ষ জনবল সংকটও আছে। তাই এ পদ্ধতি বেশ ঝুঁকিপূর্ণ মনে করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তার সঙ্গে কথা বলে জানা গেছে, যারা প্রশ্নপত্র ফাঁস করছে, তাদের সবার বাণিজ্যিক উদ্দেশ্য নেই।